

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০২৪

পরিচ্ছেদঃ সালাতুল জানাযার দু'আ।

باب مَا يَقُولُ فِي الصَّلاَةِ عَلَى الْمَيِّتِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا هِقُلُ بْنُ زِيَادٍ، حَدَّتَنَا الأَوْزَاعِيُّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، حَدَّتَنِي أَبُو إِبْرَاهِيمَ الأَشْهَلِيُّ، عَنْ أَبِيهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا صَلَى الله عليه وسلم إِذَا صَلَى الْه عَلَى الْجَنَازَةِ قَالَ " اللَّهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وَصَغِيرِنَا وَكَبِيرِنَا وَكَبِيرِنَا وَذَكَرِنَا وَأُنْتَانَا " .

قَالَ يَحْيَى وَحَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِثْلَ ذَلِكَ وَزَادَ فِيهِ " اللَّهُمَّ مَنْ أَحْيَيْتَهُ مِنَّا فَأَحْيِهِ عَلَى الْإِسْلاَمِ وَمَنْ تَوَقَّيْتَهُ مِنَّا فَتَوَقَّهُ عَلَى الإِسْلاَمِ وَمَنْ تَوَقَّيْتَهُ مِنَّا فَتَوَقَّهُ عَلَى الإِسمانِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَعَائِشَةَ وَأَبِي قَتَادَةَ وَعَوْف بْنِ مَالِك وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ وَالِدِ أَبِي إِبْرَاهِيمَ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَرَوَى هِشَامٌ الدَّسْتَوَائِيُّ وَعَلِيُّ بْنُ الْمُبَارَكِ هَذَا الْحَديثَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَلْمُبَارَكِ هَذَا الْحَديثَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً . وَرَوَى عِكْرِمَةُ بْنُ عَمْارٍ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم عَمْارٍ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ مُن عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . . وَحَديثُ يَحْيَى . بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . . وَحَديثُ يَحْيَى . بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . . وَحَديثُ يَحْيَى . بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَرْ أَبِي إِبْرَاهِيمَ فَلَمْ يَعْرِفْهُ . . قَسَأَلْتُهُ عَنِ اسْم أَبِي إِبْرَاهِيمَ فَلَمْ يَعْرِفْهُ .

বাংলা

১০২৪. আলী ইবনু হুজর (রহঃ) আবূ ইবরাহীম আল-আশহালী তার পিতা থেকে বর্ণিত যে, তিনি বলেন,



রাসূলুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম সালাতুল জানাযায় এই দু'আ পড়তেনঃ

হে আল্লাহ আপনি ক্ষমা করুন আমাদের যারা জীবিত, যারা মৃত, যারা উপস্থিত, যারা অনুপস্থিত, যারা ছোট, যারা বড় এবং পুরুষ ও মহিলা সকলকে।

ইয়াহইয়াহ বলেন আমাকে আবূ সালামা ইবনু আব্দুর রহমান হাদিসটি অনুরূপ আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে রিওয়ায়াত করেছেন। তবে এতে আরো বাড়িয়ে বলেছেনঃ

হে আল্লাহ! আমাদের মাঝে যাদের জীবিত রেখেছেন তাদেরকে ইসলামের উপর জীবিত রাখুন। আর যাদেরকে মৃত্যু দিয়েছেন তাদেরকে ঈমানের উপর মৃত্যু দান করুন। - ইবনু মাজাহ ১৪৯৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১০২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আব্দুর রহমান ইবনু আওফ, আয়িশা, আবূ কাতাদা জাবির ও আওফ ইবনু মালিক (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ ইবরাহীম (রহঃ) এর পিতা বর্ণিত হাদিসটি হাসান-সহীহ্। হিশাম আদ-দাসতাওয়াঈ ও আলী ইবনুল মুবারক (রহঃ) এই হাদিসটিকে ইয়াহইয়া ইবনু আবী কাছীর-আবূ সালামা ইবনু আব্দুর রহমান সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরাসালরূপে বর্ণনা করেছেন। ইকরিমা ইবনু আম্মার এটিকে ইয়াহইয়া ইবন আবী কাসির -- আবু সালামা -- আয়শা (রাঃ) সুত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

ইকরিমা ইবন আম্মার (রহঃ) এর রেওয়ায়াতটি মাহফুজ বা সংরক্ষিত নয়। ইকরিমা অনেক সময় ইয়াহইয়া এর হাদিস সম্পর্কে বিভ্রান্তিতে পতিত হন। ইয়াহইয়া ইবন আবী কাছীর আব্দুল্লাহ ইবন আবী কাতাদা তাঁর পিতা কাতাদা (রাঃ) সত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এটি বর্ণিত আছে।

ইমাম আবু ঈসা বলেন, আমি মুহাম্মাদ আল বুখারী কে বলতে শুনেছি যে, হাদিসসমূহের মধ্যে সবচে সহিহ রিওইয়াত হল ইয়াহইয়া ইবন আবী কাছীর - আবু ইব্রাহীব আল আশহালী (রহঃ) তাঁর পিতা সুত্রে বর্ণিত রিওয়ায়াতটি। তিরমিয়ী রহঃ আরো বলেন, আমি তাকে আবু ইব্রাহীম আল আশহালী রহঃ এর পিতার নাম সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম। কিন্তু তিনি তা জানেন না বলে উল্লেখ করেছেন।

English

Abu Ibrahim Al-Ashhali narrated:

from his father who said: "When the Messenger of Allah would perform the Salat for the funeral he would said: (Allahammaghfir li-hayyina wa mayyittina, wa shahidina wa gha'ibina, wa saghirina wa kabirina, wa



dhakarina wa unthana) 'O Allah! Forgive our living and our deceased, our present and our absent, our young and our old, our male and our female.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন